**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 04-03-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, জনজাতিদের সার্বিক উন্নয়নে রাজ্য সরকার আন্তরিকভাবে কাজ করছে |**

**(২) সারা দেশের সঙ্গে আজ রাজ্যেও আনন্দ ও** উৎসাহের **মধ্য দিয়ে উদযাপিত হচ্ছে রঙের** উৎসব **হোলি।**

**(৩) উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণ দুদিনের রাজ্য সফরের উদ্দেশ্যে আগামী সাতই মার্চ আগরতলায় পৌঁছুবেন।**

**(৪) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আগামীকাল আগরতলা গভমেন্ট মেডিকেল কলেজ ও জিবিপি হাসপাতালে বেশ কিছু অত্যাধুনিক পরিষেবার উদ্বোধন করবেন।**

*************************************************************

**CM- Khumulung:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, জনজাতিদের সার্বিক উন্নয়নে রাজ্য সরকার আন্তরিকভাবে কাজ করছে| আজ খুমুলুং-এ বিজেপি আয়োজিত এক সমাবেশে তিনি একথা বলেন| তিনি বলেন, রাজ্য সরকার জনজাতি অধ্যুষিত এলাকায় পরিকাঠামো উন্নয়ন, রাস্তা, পানীয় জল ও সামাজিক প্রকল্প বাস্তবায়নে বিশেষ অগ্রাধিকার দিয়ে কাজ করছে| সমাবেশে বক্তব্য রাখেন, পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী, প্রদেশ বিজেপি সাধারণ সম্পাদক বিপিন দেববর্মা প্রমুখ| এর আগে মুখ্যমন্ত্রী খুমুলুং-এ একটি রোড শো'তে অংশগ্রহণ করেন|

*******************************

**Holi:**

সারা দেশের সঙ্গে আজ রাজ্যেও আনন্দ ও উৎসাহের মধ্য দিয়ে উদযাপিত হচ্ছে রঙের উৎসব হোলি। এই উৎসব অশুভ শক্তির উপর শুভ শক্তির জয়ের প্রতীক| রাজ্যের বিভিন্ন প্রান্তে সকাল থেকেই জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে মানুষ একে অপরকে আবিরে রাঙিয়ে শুভেচ্ছা জানাচ্ছেন। শিশু-কিশোররা রঙিন পিচকারি নিয়ে আনন্দে মেতে উঠেছে। উৎসব উপলক্ষে বিভিন্ন স্থানে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। শান্তি ও সম্প্রীতির বার্তা নিয়ে হোলি আজ মিলনমেলার রূপ নিয়েছে।

******************************

**President:**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু হোলি উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। নিজের সামাজিক মাধ্যমে শ্রীমতি মুর্মু বলেন, হোলি আনন্দ ও উদযাপনের এক তাৎপর্যপূর্ণ উৎসব, যা সামাজিক সম্প্রীতির বার্তা বহন করে। তিনি উল্লেখ করেন, এই উৎসব সমাজে ভালোবাসা ও আশার সঞ্চার করে এবং সামাজিক সংহতির চেতনাকে আরও শক্তিশালী করে তোলে। রাষ্ট্রপতি শ্রীমতি মুর্মু হোলিকে বৈচিত্র্যের মধ্যে ঐক্যের প্রতীক হিসেবে অভিহিত করেন|

******************************

**Sufficient Oil Reserves:**

খাদ্য জন সংভরন ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে, রাজ্যে বর্তমানে যথেষ্ট পরিমাণে পেট্রোল, ডিজেল ও রান্নার গ্যাসের মজুত রয়েছে। দেশের প্রধান ওয়েল মার্কেটিং কোম্পানির তরফ থেকে প্রাপ্ত রিপোর্ট অনুযায়ী আপাতত দেশে পর্যাপ্ত পরিমাণে তেল মজুত রয়েছে। তাই জ্বালানি তেল ও রান্নার গ্যাসের সংকট নিয়ে চিন্তার কোন কারণ নেই। খাদ্য দপ্তরের

পক্ষ থেকে আরও জানানো হয়, রাজ্যে খাদ্য ও অন্যান্য নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রী যথেষ্ট পরিমাণে মজুত রয়েছে। তাই জ্বালানি তেল সহ অন্যান্য নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রীর সংকট নিয়ে জনসাধারণকে অযথা আতঙ্কিত না হতে রাজ্য সরকারের পক্ষ থেকে বিশেষভাবে অনুরোধ করা হয়। পাশাপাশি পশ্চিম এশিয়ার যুদ্ধ পরিস্থিতিতে রাজ্যে পণ্য সামগ্রীর সংকটের আশঙ্কা সংক্রান্ত গুজব ছড়িয়ে বিভ্রান্তি সৃষ্টি না করার জন্যও সরকারের পক্ষ থেকে সাধারণ মানুষের কাছে অনুরোধ জানানো হয়|

******************************

## CMO South Visit:

দক্ষিন জেলার কালা লাউগাং ব্রু পূনর্বাসন কেন্দ্রে পূনর্বাসন প্রাপ্ত ৬৩৩ পরিবারকে আয়ুস্মান কার্ড ও আভা কার্ড প্রদানের কাজ শুরু করেছে স্বাস্থ্য দপ্তর৷ দক্ষিন জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা: জোতির্ময় দাসের নেতৃত্বে স্বাস্থ্য দপ্তরের এক প্রতিনিধি দল আজ কালা লাউগাং ব্রু পূনর্বাসন কেন্দ্রে যান এবং আয়ুস্মান কার্ড ও আভা কার্ড প্রদানে কাজের অগ্রগতি পর্যালোচনা করেন।

******************************

## BJP-Bilonia:

বিজেপি’র উদ্যোগে আজ বিলোনিয়া মহকুমার রতনপুরে এক সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য, জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা ও প্রাক্তন সাংসদ রেবতী ত্রিপুরা|

******************************

## LOP Meeting:

সিপিআইএম-এর উদ্যোগে আজ সাব্রুম মহকুমার পূর্ব টাক্কা ও পশ্চিম টাক্কা ভিলেজ এলাকায় ৫টি সভা অনুষ্ঠিত হয়৷ সভাগুলিতে বিরোধী দলনেতা রাজ্য সরকার ও এডিসি প্রশাসনের কাজকর্মের সমালোচনা করে বক্তব্য রাখেন|

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

******************************

**Vice President:**

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ দু'দিনের রাজ্য সফরের উদ্দেশ্যে আগামী সাতই মার্চ দুপুরে আগরতলায় পৌঁছুবেন। এমবিবি বিমানবন্দরে তাকে উষ্ণ সম্বর্ধনা জানানো হবে। আগরতলায় লোকভবনে রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু উপরাষ্ট্রপতিকে নৈশভোজে আপ্যায়ন করবেন। শনিবার লোকভবনে রাত্রিযাপনের পর উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন ৮ই মার্চ রবিবার সকালে আগরতলায় অ্যালবার্ট এক্কা ওয়্যার মেমোরিয়ালে বীর সোনানীদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করবেন। এরপর উদয়পুরে মাতা ত্রিপুরা সুন্দরী মন্দিরে পুজো দেবার

পর আগরতলায় ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের ১৪তম সমাবর্তন উৎসবে যোগ দেবেন। ঐদিন দুপুরে উপরাষ্ট্রপতি আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে স্ব সহায়ক দলের স্টল পরিদর্শন করবেন। সেখানে তিনি মহিলা স্ব সহায়ক দলের সদস্যা ও লাখপতি দিদিদের সঙ্গে মতবিনিময় করবেন। এরপর ঐদিন দুপুরেই তিনি বিশেষ বিমানে নতুন দিল্লির উদ্দেশ্যে রওনা হবেন। সরকারী সূত্রে আজ এখবর জানা গেছে।

*****************************

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পশ্চিম এশিয়ার সাম্প্রতিক পরিস্থিতি নিয়ে গতকাল কুয়েত, কাতার ও ওমানের শীর্ষ নেতৃত্বের সঙ্গে টেলিফোনে কথা বলেছেন। প্রধানমন্ত্রী কুয়েতের যুবরাজ শেখ সাবাহ আল-খালেদ আল-হামাদ আল-মুবারক আল-সাবাহ, কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি, ওমানের সুলতান সুলতান হাইথাম বিন তারিক-এর সঙ্গে পশ্চিম এশিয়ার সাম্প্রতিক ঘটনাবলী নিয়ে মতবিনিময় করেন।

*****************************

**Package Story:**

সৌর শক্তির প্রসার এবং সাধারণ মানুষের বিদ্যুৎ খরচ কমানোর লক্ষ্য নিয়ে কেন্দ্রীয় সরকারের উচ্চাকাঙ্ক্ষী উদ্যোগ পি এম সূর্যঘর মুফত বিজলী যোজনা এখন ঊনকোটি জেলায় আশার আলো জ্বালাচ্ছে। বাড়ির ছাদে বসছে সৌর প্যানেল, আর সূর্যের আলো থেকেই তৈরি হচ্ছে বিদ্যুৎ। কেন্দ্রীয় ভর্তুকি ও স্বল্পসুদে সাধারণ মানুষ সহজেই এই প্রকল্পে যুক্ত হচ্ছেন। শুনুন একটি প্রতিবেদন.....

############V/O############

******************************

**CM:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আগামীকাল আগরতলা গভমেন্ট মেডিকেল কলেজ ও জিবিপি হাসপাতালে বেশ কিছু অত্যাধুনিক পরিষেবার উদ্বোধন করবেন। তিনি জিবিপি হাসপাতালের নতুন কলেবরে আইসিইউ, প্রসূতি বিভাগের নতুন অপারেশন থিয়েটার, ট্রমা সেন্টারের নতুন অপারেশন থিয়েটারের উদ্বোধন করবেন। এরপর মুখ্যমন্ত্রী আগরতলা সরকারী মেডিকেল কলেজের কাউন্সিল রুমে সাংবাদিক বৈঠকে মিলিত হবেন|

******************************

**NFR-inaugurate-many-facilities:**

উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের কর্মচারী এবং তাঁদের পরিবারের সুবিধার্থে মালিগাঁওয়ে অবস্থিত সিনিয়র ইনস্টিটিউটকে বিশ্বমানের সুযোগ-সুবিধায় উন্নীত করা হয়েছে। সংস্কারকৃত ও পুনর্নির্মিত প্রতিষ্ঠানটির নামকরণ অসমের সর্বকনিষ্ঠ স্বাধীনতা সংগ্রামী কনকলতা বরুয়ার নামে 'কনকলতা ভবন' করেছে উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ে কর্তৃপক্ষ। অত্যাধুনিক সুযোগ-সুবিধাগুলি রেলওয়ে কর্মীদের বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান মর্যাদাপূর্ণ এবং সুসজ্জিত পরিবেশে উদযাপন করতে সক্ষম করবে।

উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক কপিঞ্জল কিশোর শর্মা আজ জানিয়েছেন ক্যাম্পাসের মধ্যে একটি কমিউনিটি হল সংস্কার করে বিষ্ণু প্রসাদ রাভার নামে উৎসর্গ করা হয়েছে। বিষ্ণু প্রসাদ রাভা অসমের একজন কিংবদন্তি সাংস্কৃতিক ব্যক্তিত্ব ছিলেন।

******************************

**Cricket:**

আজ এমবিবি স্টেডিয়ামে আয়োজিত টি-২০ ক্রিকেট ম্যাচে ত্রিপুরা স্পোর্টস জার্নালিস্ট ক্লাবকে পরাজিত করেছে টিসিএ প্রাক্তন একাদশ। প্রথমে ব্যাট করতে নেমে টিসিএ প্রাক্তন একাদশ কুড়ি ওভারে ছয় উইকেট হারিয়ে ২৩২ রান তুলে নেয়।জবাবে খেলতে নেমে ত্রিপুরা স্পোর্টস জার্নালিস্ট ক্লাব সব উইকেট হারিয়ে ১৩৪ রান সংগ্রহ করে।

******************************

**Weather:**

আসাম ও বাংলাদেশের উপর একটি ঘূর্ণাবতের প্রভাবে আজ রাজ্যের আকাশ মেঘাচ্ছন্ন রয়েছে| আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে ও দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে| আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াস।

******************************

******************************